

## বাংলাদেশ

### গবেষণায় অবদানের স্বীকৃতি পেলেন আইইউবিএটির শিক্ষার্থীরা

বিজ্ঞপ্তি

প্রকাশ: ০৫ জুলাই ২০২৫, ১৬: ২৯



ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (আইইউবিএটি) আয়োজনে সম্মাননাপ্রাপ্ত শিক্ষার্থীরা। গত বুধবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। ছবি: আইইউবিএটির সৌজন্যে

বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতি দেওয়া ও উৎসাহ জোগাতে 'গবেষণা উৎকর্ষতা সম্মাননা' অনুষ্ঠানের আয়োজন করেছে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (আইইউবিএটি)।

গত বুধবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এ আয়োজন করা হয়। মিয়ান রিসার্চ ইনসিটিউটের আয়োজনে অনুষ্ঠানটির মূল উদ্দেশ্য ছিল গবেষণাভিত্তিক শিক্ষা সংস্কৃতিকে আরও শক্তিশালী করা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জ্ঞানভিত্তিক অবদান তুলে ধরা।

অনুষ্ঠানে সত্ত্বাপিত্ত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আবদুর রব। স্বাগত বক্তব্য দেন মিয়ান রিসার্চ ইনসিটিউটের পরিচালক সজল সাহা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য মো. মাহমুদুর রহমান এবং কোষাধ্যক্ষ ও মিয়ান গবেষণা প্রতিষ্ঠানের নির্বাহী সদস্য সেলিনা নারগিস।

উপাচার্য আবদুর রব বলেন, 'আইইউবিএটির শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীরা কৃষি, প্রকৌশল, ব্যবসা, জনস্বাস্থ্যসহ বিভিন্ন ক্ষেত্রে গবেষণার মাধ্যমে সমাজে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। সময়োপযোগী সমস্যার সমাধানে

গবেষণা একটি অপরিহার্য মাধ্যম। এ ধারা অব্যাহত রাখতে গবেষকদের উৎসাহ দেওয়া অত্যন্ত জরুরি।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার মো. মমতাজুর রহমান, পরীক্ষানিয়ন্ত্রক বিগেডিয়ার জেনারেল (অ.ব.) মো. জাহিদ হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ এবং সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা।

অনুষ্ঠানের শেষে নির্বাচিত গবেষকদের মধ্যে সনদপত্র ও সন্মাননা স্মারক দেওয়া হয়।